**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কাস্টমস্ বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।

নথি নং-২(১)বন্ড কমি:/অফিস আদেশ/এ-২/২০০১/ তারিখ ঃ ৯.১২.২০০১

***আদেশ***

এ বিষয়টি উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, ইউপি আবেদনসমূহ যথাসময়ে উপস্থাপন করা হচ্ছে না। এক্ষেত্রে প্রশ্ন করা হলে অধিকাংশ ক্ষেত্রেই অবহতি করা হয় যে, নথি খুঁজে না পাওয়ার জন্য ইউপি আবেদন উপস্থাপন করা সম্ভব হয়নি। অথচ সুপারিনটেনডেন্ট(ইউপি)সহ সকল শাখা সহকারী এবং পরিদর্শকগণ-কে পুন: পুন: স্মরণ করিয়ে দেয়া হয়েছিল যে, ইউপি আবেদন পাওয়ার পর নথি খুঁজে না পেলে সহকারী/উপ-কমিশনারকে তাৎক্ষণিকভাবে অবহিত করতে হবে। কারণ লক্ষ্য করা গিয়েছে যে, কতিপয় ঝুঁকিবহুল প্রতিষ্ঠান ইউপি আবেদন ফেলে রেখে আর যোগাযোগ করেন না এবং রপ্তানির মেয়াদ উত্তীর্ণ হলে পণ্য রপ্তানি হয়েছে মর্মে দাবী করেন। আর এই কর্মের সাথে পরোক্ষভাবে ইউপি উপস্থাপন না করার দায়িত্বে সংশ্লিষ্ট কর্মকর্তা তড়িৎ পদক্ষেপের অভাবেই ঝুঁকিবহুল প্রতিষ্ঠানটিকে সহযোগিতার ক্ষেত্র তৈরী করে দেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক ও যত্নবান হওয়ার জন্য অনুরোধ করা হলো এবং ভবিষ্যতে ইউপি আবেদন ফেলে রাখা হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

০২। এখন থেকে ইউপির আবেদন নথিতে উপস্থাপনের ক্ষেত্রে নিম্নের বিষয়াবলী পরীক্ষান্তে সুস্পষ্ট মতামতসহ পেশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

(ক) বন্ড লাইসেন্সটি হালনাগাদ নবায়নকৃত কি-না;
(খ) বন্ডারের বিরুদ্ধে কোন অনিয়ম মামলা/দাবীনামা বা সরকারের পাওনা আছে কি-না;
(গ) উপকরণ উৎপাদনসহগ ডেডো কর্তৃক অনুমোদিত কি-না এবং সে মোতাবেক ব্যবহৃত কাঁচামালের আলোকে consumption chart পরীক্ষান্তে সঠিক পাওয়া গিয়েছে কি-না;
(ঘ) সর্বশেষ এলসি পরিদর্শন কত তারিখে হয়েছে এবং এ সংক্রান্ত ফলাফল;
(ঙ) এলসি, পি/আই, consumption chart, ইউপির আবেদনপত্র বন্ডার অথবা তাহার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি কর্তৃক স্বাক্ষরিত কি-না এবং দলিলাদি লিয়েন ব্যাংক কর্তৃক প্রত্যায়িক কি-নাা;
(চ) মাস্টার এলসি দাখিল করা হয়েছে কি-না এবং এ সংক্রান্ত পর্যালোচনা প্রতিবেদন;
(ছ) বার্ষিক আমদানি প্রাপ্যতার মধ্যে চাহিদাতব্য কাঁচামাল রয়েছে কিনা এবং বন্ড রেজিস্টার মোতাবেক ইন বন্ড সংক্রান্ত তথ্যাদি হাল-নাগাদ পরীক্ষা করে সঠিক পাওয়া গিয়েছে কি-না;
(জ) ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে দাখিল করা হয়েছে কি-না;
(ঝ) বন্ড রেজিস্টারের একটি ডুপ্লিকেট কপি এলাকা অফিসারের নিকট জমা দেয়া হয়েছে কিনা।

০৩। এই আদেশ ১০.১২.২০০১ তারিখ হতে কার্যকর হবে।

**স্বাক্ষরিত/-**
**[মোঃ মতিউর রহমান]**
সহকারী কমিশনার
বন্ড এলাকা-২
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা